ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ

মুজিব শতবর্ষ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২

# Comilla Palli Bidyut Samity-2

সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

টেলিফোন ঃ অফিস ঃ০৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্র ঃ০৮১-৬৮১৬৫, ই-মেইলঃ ঃ comillapbs2@gmail.com ওয়েবসাইটঃ www.pbs2.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯৩৩.৫৪২.০২.০০৮.২৩.৭০৯৮

তারিখঃ ১৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
৩০ অক্টোম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## বিষয়ঃ "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্তে সন্তোষজনক ও ধারাবাহিকভাবে কর্মসম্পাদনকারী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদ সংখ্যা-২০ টি (কম/বেশি হতে পারে) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর পারম্ভিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবো জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে। | ১। প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা আগামী ১৯/১১/২০২৩ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৫২ (বায়ান্ন) বছরের মধ্যে হতে হবে।<br>২। ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে সন্তোষজনকভাবে মিটার রিডার/ম্যসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/০৬ (ছয়)/০৯ (নয়) বৎসর ধারাবাহিকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। কুমিল্লা জেলার প্রার্থীগণ আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।<br>০৪। প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে।<br>০৫। সমিতির সাথে চুক্তির সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে।<br>০৬। যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) হিসাবে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।<br>০৭। আবেদনকারীকে গাণিতিক হিসাব-নিকাশে এবং সুন্দর হাতের লেখায় পারদর্শী হতে হবে।<br>০৮। প্রর্থীকে সৎ,বিশ্বস্ত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>০৯। কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার যদি অব্যাহিত প্রাপ্ত/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে দন্ডিত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন তা হলে সে সকল প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.comilla.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক প্রার্থী নিজ হাতে/টাইপকৃত যথাযথভাবে পূরণ করে আগামী ১৯/১১/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পবিস-২, উত্তর রামপুর, বিশ্বরোড, পোঃ আহম্মদ নগর, কুমিল্লা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদাকাগজে/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। কোন ব্যক্তি যদি একাধিক মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করেন তাহলে উভয় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। প্রার্থীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ইতিপূর্বে কর্মরত পবিসের মোট চাকুরীকাল এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২. ০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে ।

০৩। ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, ইত:পূর্বে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ পত্র যা সংশ্লিষ্ট পবিসের এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সাম্প্রতিক সময়ে সত্যায়িত, অন্যান্য সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সম্প্রতি কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (রঙিন ম্যাট পেপারে,সাদা ব্যাকগ্রাউন্ড থাকতে হবে), জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে। পবিসের অভিজ্ঞতার সনদ ব্যতীত অন্যান্য সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়িত কপিতে সত্যায়নকারীর নাম,পদবী সীলসহ স্পষ্টাক্ষরে থাকতে হবে।

০৪। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হবে। বয়স প্রমানের জন্য এসএসসি পাশের সনদ/প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্যার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন,বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯(নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই নতুন চুক্তিতে ০৯ (নয়) বৎসরের অধিকাল চাকুরী অথবা ৫৫ (পঞ্চান্ন) বৎসরের বেশী (যেটি আগে আসে) তিনি অত্র সমিতির চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের কেউ আবেদন করতে পারবেন না।

০৭। অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ/ বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

০৮। দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।

০৯। ইতিপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতীরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

১০। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল তথ্য দিয়ে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ের কোন অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেওয়া হবে না।

১২। খামের উপরে পদের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১৩। অসম্পূর্ণ ও ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৫। নিয়োগ সংক্রন্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়/কার্যার্থে ও সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, কুমিল্লা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যাঃপঃ (পূর্বাঞ্চল)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩/৪
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬। উপজেলা, নির্বাহী কর্মকর্তা----------------------------------------------কুমিল্লা।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বিতরণঃ**

০১। ডিজিএম (কারিগরী)- সদর দপ্তর/চৌদ্দগ্রাম/বি-পাড়া /বাগমারা/বুড়িচং/গুণবতী/ময়নামতি জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
০২। এজিএম (অর্থ-রাজস্ব/হিসাব/ইএন্ডসি/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/আইটি), কুমিল্লা পবিস-২।
০৩। এজিএম (ওএন্ডএম), মিয়াবাজার/ভুশ্চি সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
০৪। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-২।
০৫। অফিস/ মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২
ভার্সন -০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ফরম নং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ ঃ------------

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর------------------------- পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরন করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার
কুমিল্লা পবিস-২।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- -------------------------------------------- ৩. পদের ধরণ ঃ ------------

২.আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

-------------------------------------------------------- --------------------------------------------------------

৪. বিজ্ঞাপনের সূত্র/ পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

------------------------------------ ------------------------------------ ------------------------------------------------

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (এস,এস,সি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

-------------------------------------------------------- ------/-------/--------- (দিন/মাস/বৎসর)

৮. মাতার নাম

৯. বয়স ( - - খ্রিঃ তারিখে)

-------------------------------------------------------- ------------------------------------------------

১০. পিতার নাম

১১. ধর্ম

-------------------------------------------------------- ------------------------------------------------

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

------------------------------------------

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক ((√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা//শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা//শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র - কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

| ---------------------------- | ---------------------------- | ---------------------------- | ---------------------------- |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ---------------------------- | ---------------------------- | ---------------------------- | ---------------------------- |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

-------------------------- ---------------------------------------- --------------------------

১৯. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর   ২০. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মূল্য   ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে ) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট /ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| ------- শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ ( শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে ) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬। পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য ( পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে ) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ ( গুরুদন্ড/লঘুদন্ড ) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে; একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরন করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড / পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি তা মানতে বাধ্য থাকবো।লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

---------------------------------- ----------------------------------

তারিখ   আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।